আসসালামু আলাইকুম

এবারের রমজানে নবীপ্রেম
জাগ্রত হোক প্রতিটি অন্তরে

২৩ তম বার্ষিক কোয়ান্টায়নে খতমে কোরআন

কোয়ান্টাম পরিবারের প্রিয় সদস্য,

আপনি জানেন, মানবজাতির আলোকিত জীবনের দিক-নির্দেশনা আল কোরআন নাজিল হয় এ রমজানে। এই মহাগ্রন্থের দিক-নির্দেশনার আলোকে জীবনকে সঠিক পথে পরিচালিত করার জন্যে প্রয়োজন কোরআনের মর্মার্থ অনুধাবন। আর ধ্যানের স্তরে আত্মনিমগ্ন অবস্থায় অর্থসহ শোনার মাধ্যমেই কোরআনের মর্মার্থ অনুধাবন করা সহজ।

এ লক্ষ্যে কোয়ান্টামের এক অনন্য আয়োজন কোয়ান্টায়নে খতমে কোরআন। একটানা সাত দিনে প্রতিদিন সাড়ে সাত ঘণ্টা করে মোট ৫২ ঘণ্টায় মৌনতা ও ধ্যানের স্তরে তরজমাসহ কোরআন তেলাওয়াত শোনার মাধ্যমে সম্পন্ন হয় এই কোয়ান্টায়নে খতমে কোরআন। কোরআনের ধ্যান কোরআনকে জানার সাথে সাথে মানার আকুতি যেমন বাড়াবে, তেমনি বাড়াবে আপনার সওয়াব।

নবীজী (স) বলেছেন, এক ঘণ্টার ধ্যান ৭০ বছরের নফল ইবাদতের চেয়ে উত্তম। আর রমজান মাসে যে-কোনো ইবাদতের সওয়াব হয় কমপক্ষে ৭০ গুণ বেশি। আবার জামায়াতে বা যৌথভাবে কোনো ইবাদত করলে তার সওয়াব বাড়ে আরো ৭০ গুণ। তাছাড়া কোরআন শিক্ষা যেহেতু ফরজ, তাই ফরজ কাজের সওয়াব নফলের ৭০ গুণ। এ হিসেবে যৌথভাবে ৫২ ঘণ্টার কোরআন-ধ্যান কমপক্ষে—(৫২ ঘণ্টা x ৭০ বছর x ৭০ x ৭০ x ৭০) = ১২৪ কোটি ৮৫ লক্ষ ২০ হাজার বছর নফল ইবাদতের চেয়ে উত্তম।

ঢাকায় কোয়ান্টায়নে খতমে কোরআনের সময়সূচি

তারিখ : ১৬–২২ এপ্রিল, ২০২১ সময় : প্রতিদিন সকাল ৯:০০–বিকেল ৫:৪৫

স্থান : কোয়ান্টাম মেডিটেশন হল (কাকরাইল), মতিঝিল, উত্তরা, ধানমণ্ডি, সবুজবাগ, বনশ্রী, যাত্রাবাড়ী, পল্লবী, মিরপুর, হাতিরপুল, লালবাগ, মোহাম্মদপুর, মহাখালী, বনানী, নিকেতন, শাহবাগ, গাজীপুর ও নারায়ণগঞ্জ

অংশগ্রহণ অনুদান

আখেরি দোয়া : ৫০০ টাকা ও (শিক্ষার্থী) ৪০০ টাকা
খতমে কোরআন : ১০০ টাকা

আখেরি দোয়া

আইডিইবি মিলনায়তন, কাকরাইল, ঢাকা
সময় : সকাল ৯টা থেকে ইফতার পর্যন্ত
কোয়ান্টাম গ্রাজুয়েটদের জন্যে : ২৩ এপ্রিল (শুক্রবার), ২০২১
শুধু কোয়ান্টাম প্রো-মাস্টারদের জন্যে : ২৪ এপ্রিল (শনিবার), ২০২১

এবারের রমজানে নতুন উপহার ॥

হাদীস শরীফ বাংলা মর্মবাণী



রমজান ২০২১-এ ফাউন্ডেশন থেকে প্রকাশিত হলো *হাদীস শরীফ বাংলা মর্মবাণী*। নবীজীর (স) পবিত্র বাণীর সহজ সাবলীল বাংলা মর্মান্তর আপনার অন্তরে সৃষ্টি করবে এক অভাবিত অনুরণন। ক্ষণে ক্ষণেই আপনি শিহরিত হবেন আপনার জীবনে এ বাণীর প্রাসঙ্গিকতায়। মনে হবে—যেন আপনাকেই কথাগুলো বলছেন তিনি। পড়া শুরু করুন যে-কোনো পাতা থেকে। ডুবে যান বাক্যের গভীরে। আপনি পাবেন পথের দিশা। জীবন বাঁক বদলাবে। আপনার উত্তরণ ঘটবে উচ্চতর মানবে। করোনা আতঙ্ক জয় করতে ও ঈদ উপহার হিসেবে প্রিয়জনদের দিন *হাদীস শরীফ বাংলা মর্মবাণী*। হাদিয়া ৪০০ টাকা। রমজান উপলক্ষে ৩০০ টাকা।

hadith.qm.org.bd

হে মানুষ শোনো! অডিও শুনুন ও শেয়ার করুন

গুরুজীর কণ্ঠে পবিত্র কোরআন ও হাদীসের কিছু মর্মবাণী সম্বলিত *হে মানুষ শোনো!* অডিও সংকলনের *পবিত্র আল কোরআনের দোয়া* ট্র্যাকটি প্রতিদিন ইফতারের আগে পরিবারের সবাইকে নিয়ে মনোযোগ দিয়ে শুনুন। শেয়ার করুন বন্ধুবান্ধব ও পরিচিতজনদের সাথে।

আল কোরআন বাংলা মর্মবাণী
পাঠ করুন, বিতরণ করুন

কোরআনের মর্মার্থ মাতৃভাষায় অনুধাবন করতে *আল কোরআন বাংলা মর্মবাণী* প্রতিদিন পাঠ করুন। আন্তরিকভাবে নিমগ্ন হোন, বার বার পড়ুন। সেইসাথে এ রমজানে কমপক্ষে ৪০ জনের কাছে পৌঁছে দিন এ মর্মবাণী।

alquran.org.bd

alquran.org.bd থেকে মর্মবাণীর ফ্রি মোবাইল অ্যাপ ডাউনলোড করুন। গুরুজীর কণ্ঠে মর্মবাণীর অডিও ট্র্যাকগুলো সেহরির পরে শুনতে থাকুন। ফজরের নামাজ শেষেও যতক্ষণ ইচ্ছা শুনতে পারেন। যত বেশি সম্ভব শেয়ার করুন বন্ধুবান্ধব ও পরিচিতদের সাথে। এ রমজানে এটি হবে সর্বাধিক সওয়াবের।

- *মূল আরবিসহ* আল কোরআন ও বাংলা মর্মবাণী (৩৯৫ টাকা)
- আল কোরআন বাংলা মর্মবাণী *বোর্ড বাঁধাই* (২৯৫ টাকা)
- আল কোরআন বাংলা মর্মবাণী *পেপারব্যাক* (১৫০ টাকা)
- আমপারা ও সপ্ত সূরা (২৫ টাকা)

নিজের ও পরিচিতদের যাকাত ফাউন্ডেশনে জমা দিন

নিয়মিত যাকাত আদায় যেমন ফরজ, তেমনি সঙ্ঘবদ্ধভাবে যাকাত আদায় করা অত্যন্ত জরুরি। এ লক্ষ্যকে সামনে রেখেই কোয়ান্টাম ফাউন্ডেশন ১৯৯৬ সালে সঙ্ঘবদ্ধভাবে যাকাত আদায় শুরু করে। দুস্থ ও বঞ্চিতদের পুনর্বাসনের জন্যে আপনি আপনার নিজের ও পরিচিতদের যাকাতের অর্থ ফাউন্ডেশনে প্রদান করুন। রুপার বর্তমান বাজারমূল্য হিসাবে সাড়ে ৩২ হাজার টাকা থাকলে যাকাত ফরজ হয়। ২০২০ সালে কোয়ান্টাম যাকাত ফান্ডে সংগৃহীত হয় ১১,৩৫,৬৩,৭২৪ টাকা। এ অর্থ পুরোপুরি শরিয়ত নির্ধারিত খাতে ব্যয় হয়। যাকাত সম্পর্কে আরো জানতে ফাউন্ডেশন প্রকাশিত যাকাতের ব্রোশিওর সংগ্রহে রাখুন। নিজে দেখুন ও বিতরণ করুন ফাউন্ডেশন প্রকাশিত ডকুমেন্টারি *যাকাত দিলে সম্পদ বাড়ে*।

একজন এতিমের দায়িত্ব নিন

বান্দরবানের লামায় বঞ্চিত এতিম শিশুদের আলোকিত মানুষরূপে গড়ে তুলছে কোয়ান্টাম কসমো স্কুল এন্ড কলেজ, শিশুকানন ও শিশুসদন। বর্তমানে ছেলে ও মেয়েসহ প্রায় আড়াই হাজার শিশু শিক্ষা চিকিৎসা খেলাধুলাসহ সব ধরনের সুযোগ নিয়ে বেড়ে উঠছে। একজন এতিমের পেছনে মাসিক গড় ব্যয় ৮,০০০ টাকা। যে ব্যক্তি এতিমের মাথায় হাত রাখেন, স্রষ্টার হাত থাকে তার মাথার ওপরে। তাই এ রমজান মাস থেকেই প্রতি মাসে ৮,০০০ টাকা দান করার মধ্য দিয়ে অন্তত একজন এতিমের দায়িত্ব নিন। এটা প্রতি মাসেও দিতে পারেন, আবার পুরো বছরের জন্যে ৯৬,০০০ টাকা একত্রে দিতে পারেন। কারণ রমজানে এর বরকত ৭০ গুণ বেড়ে যাবে। এ-ক্ষেত্রে ডোনেট অ্যান্ড্রয়েড অ্যাপের মাধ্যমেও দান করতে পারেন সহজে।

donate.quantummethod.org.bd

পবিত্র রমজান উপলক্ষে বিশেষ সাইট

পবিত্র রমজানের বিশেষ দিক-নির্দেশনা, পালনীয়-বর্জনীয়, আমল ও কোয়ান্টামের কার্যক্রম সম্পর্কে জানতে ভিজিট করুন ramadan.quantummethod.org.bd

ramadan.quantummethod.org.bd

আপনাদের সদা কল্যাণকামী

নাহার আল বোখারী
মহাপরিচালক

কোয়ান্টাম ফাউন্ডেশন
কেন্দ্রীয় দফতর : ৩১/ভি শিল্পাচার্য জয়নুল আবেদিন সড়ক, শান্তিনগর, ঢাকা-১২১৭
ফোন : ২২২২২১৪৪১, ০১৭১৪-৯৭৪৩৩৩, ০৯৬১৩-০০২০২৫
কাকরাইল : ১/১ পায়োনিয়ার রোড, সেগুনবাগিচা, কাকরাইল, ঢাকা-১০০০। ফোন : ২২২২২৫৭৫৬, ০১৭১১-৬৭১৮৫৮
Website : quantummethod.org.bd **E-mail :** info@quantummethod.org.bd